



তথ্যবিবরণী

নম্বর- ০০৪

## প্রান্তিক জনগোষ্ঠীর জীবনমান উন্নয়ন প্রকল্প পরিদর্শনে ব্রিটিশ প্রতিনিধি দল

রাজশাহী; ২০ আষাঢ় (০৪ জুলাই):

রাজশাহী সিটি করপোরেশনের প্রান্তিক জনগোষ্ঠীর জীবনমান উন্নয়ন প্রকল্পের সার্বিক কার্যক্রম পরিদর্শনে এসেছেন ব্রিটিশের একটি প্রতিনিধি দল। এ উপলক্ষে আজ বৃহস্পতিবার (৪ জুলাই) সকালে নগর ভবনে প্রধান প্রকৌশলীর দপ্তরকক্ষে চলমান প্রকল্প বিষয়ে এক মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়। সভায় রাসিকের প্রধান প্রকৌশলী নূর ইসলাম প্রকল্পের সার্বিক কার্যক্রমের তথ্যচিত্র উপস্থাপন করেন। প্রকল্পের সার্বিক কার্যক্রম দেখে প্রতিনিধি দলটি সন্তোষ প্রকাশ করেন।

প্রতিনিধি দলে ছিলেন এফসিডিওর ক্লাইমেট এন্ড ইনভাইরমেন্ট টিম লীডার এ্যালেক্স হারভে, সিনিয়র গর্ভরনেস এ্যাডভাইজার নীল গান্ধি, লিভলিহুড এ্যাডভাইজার এন্ড ডেপুটি টিম লিডার এবিএম ফিরোজ আহমেদ, ইউএনডিপি টিমের এসিসটেন্ট রেসিডেন্সিয়াল এ্যাডভাইজার আনোয়ারুল হক, প্রজেক্ট ম্যানেজার ইয়োস প্রধান, সিটি লেইসন কো-অর্ডিনেটর আব্দুল্লাহ আল মাসুম।

সভায় রাসিকের সচিব মোবারক হোসেন, নির্বাহী প্রকৌশলী (উন্নয়ন) মাহমুদুর রহমান, নির্বাহী প্রকৌশলী (পরিকল্পনা) সুব্রত কুমার সরকার, চীফ টাউন প্ল্যানার মোঃ শাহীনুল ইসলাম খান, চীফ কমিউনিটি ডেভেলপমেন্ট অফিসার আজিজুর রহমান, উপসচিব তৈমুর হোসেন, সহকারী সচিব শমসের আলী, টাউন প্ল্যানার বনি আহসান, সহকারী স্থপতি জহুরুল আনোয়ার অনন্ত প্রমুখ উপস্থিত ছিলেন।

এরপর রাসিকের কমিউনিটি ডেভেলপমেন্ট শাখায় প্রকল্পের মাঠ পর্যায় কার্যক্রমের বাস্তব চিত্র ও ভবিষ্যৎ কর্মপরিকল্পনা বিষয়ে সিডিসি ও সিএইচডিএফ নেতৃবৃন্দের পৃথকভাবে মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়। সভায় রাসিকের কর্মকর্তা ও সিডিসি ও সিএইচডিএফ নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন।#

.....  
তৌহিদুজ্জামান/আতিক/রুহুল/হালিম/২০২৪/১৬:০০ ঘ.